গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, বরিশাল

এবং

পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা'র মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

# সূচিপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র..........................................................................................০৩

উপক্রমণিকা.........................................................................................................০৪

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উবেদ্দশ্যসমূহ এবং কার্যাবলি..................০৫

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome /Impact).......................................০৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন এবং লক্ষ্যমাত্রাসমূহ..............................০৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms).........................................................................১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ............................১৫

সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ......১৭

## কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview Performance)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরগুলোর (২ বছর) প্রধান অর্জনসমূহ:**

কৃষিবিষয়ক তথ্য ও প্রযুক্তি গণমাধ্যমের সহায়তায় কৃষক, সম্প্রসারণকর্মীসহ সংশ্লিষ্ট উপকারভোগীর কাছে সময়মতো পৌঁছে দেয়া কৃষি তথ্য সার্ভিসের প্রধান দায়িত্ব। সম্প্রতি সেবা প্রদানের সুবিধার্থে বরিশাল আঞ্চলিক কার্যালয়ের নিজস্ব ভবন( ২য় ও ৩য় তলা) নির্মিত হয়েছে। আঞ্চলিক পর্যায়ে আইসিটি প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে নবনির্মিত ভবনে ১টি অত্যাধুনিক আইসিটি ল্যাব স্থাপন করা হয়েছে। এছাড়া সেমিনার, কর্মশালা, সভা আয়োজনের আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত একটি কনফারেন্স রুম স্থাপন করা হয়েছে। কৃষি তথ্যসমৃদ্ধ আঞ্চলিক ওয়েবসাইট তৈরি করা হয়েছে। কৃষি প্রযুক্তিগত তথ্যসেবার কার্যকর বিস্তারের লক্ষ্যে ২৯৫ জন জনবলকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ২ টি সেমিনার ও কর্মশালার আয়োজন করা হয়েছে। এছাড়াও বিবেচ্য সময়ে ১৯৭টি কৃষি প্রযুক্তিভিত্তিক বিভিন্ন ফিল্ম/ফিলার/ডক্যুমেন্টারি তথা সিনেমা শো প্রদর্শন করা হয়েছে। বর্তমানে বরিশাল অঞ্চলে কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্রের (এআইসিসি) মোট সংখ্যা ৪৪টি। এসব কেন্দ্র থেকে স্থানীয় জনগণ তথ্য সেবা গ্রহণ করছেন।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

কৃষি তথ্য সার্ভিস, বরিশাল আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে তথ্য সেবা কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। তবে মাত্র ৬ (ছয়) জন জনবল দিয়ে ৬টি জেলা ও ৪৩টি উপজেলায় গুণগত সেবা প্রদান বাধাগ্রস্ত হচ্ছে। বিভিন্ন ফল ফসলের ভিডিও ধারণ করে ডকুমেন্টারি তৈরির জন্য অত্র কার্যালয়ে ভিডিও ক্যামেরা ও ডিএসএলআর ক্যামেরা রয়েছে। কিন্তু এসব চালানোর জন্য ক্যামেরাম্যান বা এডিটিং প্যানেল নেই। অপ্রতুল জনবলের ফলে বিভিন্ন চাহিদামাফিক তথ্য সেবা প্রদান ব্যাহত হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বিভিন্ন সংস্থায় কর্মরত কর্মকর্তা, গণমাধ্যম কর্মী, স্থানীয় জনপ্রতিনিধি, সম্প্রসারণ কর্মী ও এআইসিসির সদস্যসহ অন্যান্য কৃষকদেরকে কার্যকর ও ফলপ্রসু কৃষি তথ্য সেবা বিতরণকল্পে প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া কৃষি তথ্য ও প্রযুক্তি সম্বলিত প্রকাশনা সামগ্রী প্রস্তুত করে বিতরণ করা হবে। পাশাপাশি ৬০টি সিনেমা শো প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হবে।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- আধুনিক কৃষি তথ্য ও প্রযুক্তি বিস্তারের লক্ষে ২০০০০টি লিফলেট/ ফোল্ডার/ পোস্টার/ বুকলেট/ পুস্তক/ স্টিকার মুদ্রণ ও বিতরণ;
- কৃষি প্রযুক্তি বিষয়ক ৬০টি সিনেমা শো প্রদর্শন;

## উপক্রমণিকা(Preamble)

আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, বরিশাল

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি তথ্য সার্ভিস এর পরিচালক

এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## কৃষি তথ্য সার্ভিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

আধুনিক কৃষি তথ্য সেবা সহজলভ্য।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

প্রিন্ট, ইলেকট্রনিক ও আইসিটি গণমাধ্যমের সহায়তায় কৃষিবিষয়ক তথ্য ও প্রযুক্তি সংশ্লিষ্ট উপকারভোগীদের কাছে সহজলভ্য করে জনসচেতনতা সৃষ্টি।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

- ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।

### ১.৪ কার্যাবলি (Functions):

- কৃষিবিষয়ক আধুনিক তথ্য ও প্রযুক্তি নির্ভর বিভিন্ন মুদ্রণ সামগ্রী যেমন-মাসিক 'কৃষিকথা', মাসিক 'সম্প্রসারণ বার্তা', লিফলেট, বুকলেট, ফোল্ডার, পোস্টার ইত্যাদি বিতরণ;
- কৃষিবিষয়ক ভিডিও, ফিল্ম-ফিলার, টকশো, ডকুমেন্টারি সম্প্রচার;
- বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে কৃষিবিষয়ক অনুষ্ঠান নির্মাণ ও সম্প্রচারে কারিগরী সহায়তা প্রদান;
- প্রত্যন্ত অঞ্চলে গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে সিনেমা শো আয়োজনের মাধ্যমে কৃষিবিষয়ক ভিডিও চলচ্চিত্র প্রদর্শন;
- কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) এর মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর কাছে ই-তথ্য সেবা পৌঁছে দেয়া;
- বিভিন্ন ই-কৃষিভিত্তিক সেবা কার্যক্রম যেমন-ওয়েবসাইট, ই-বুক, কল সেন্টার, কমিউনিটি রেডিও ইত্যাদির মাধ্যমে তথ্য সেবা বিতরণ;
- প্রশিক্ষণ, সভা, সেমিনার, মেলা ইত্যাদি আয়োজনের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি ও সচেতনতা বৃদ্ধি।

# অঞ্চল- বরিশাল

## সেকশন ২

## কৃষি তথ্য সার্ভিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | চূড়ান্ত ফলাফল সূচক (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৯-২০ | ২০২০-২১ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১.১ কৃষকের নিকট উদ্ভাবিত জাত ও প্রযুক্তির তথ্য বিস্তার | ১.১.১ মুদ্রিত মুদ্রণ সামগ্রী (পোস্টার/বুকলেট/লিফলেট/ফোল্ডার) | সংখ্যা | ৩০০০ | ৩০০০ | ৫০০০ | - | - | | |
| | ১.১.৭ প্রদর্শিত সিনেমা শো | সংখ্যা | ১২৭ | ৭০ | ৬০ | - | - | | |
| ২.১ মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে প্রচার ও প্রকাশনা | ২.১.১ মুদ্রিত মুদ্রণ সামগ্রী (পোস্টার/বুকলেট/পুস্তক) | সংখ্যা | - | ৫০০ | ৪০০০ | - | - | | |
| ২.২ কোভিড-১৯ মহামারী মোকাবেলায় করণীয় | ২.২.২ মুদ্রিত মুদ্রণ সামগ্রী (পোস্টার/স্টিকার/ফেস্টুন) | সংখ্যা | - | - | ২০০০ | - | - | | |
| ৩.১ জৈবসার/সবুজসার/জীবাণু সারের ব্রবহার জনপ্রিয়করণ | ৩.১.২ মুদ্রিত মুদ্রণ সামগ্রী (লিফলেট/ফোল্ডার) | সংখ্যা | - | - | ৩০০০ | - | - | | |
| ৩.৩ ভূ-উপরিস্থিত পানির ব্যবহার উৎসাহিতকরণ | ৩.৩.১ মুদ্রিত মুদ্রণ সামগ্রী (লিফলেট/ফোল্ডার) | সংখ্যা | - | - | ৫০০০ | - | - | | |

# অঞ্চল- বরিশাল

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কার্যসম্পাদন সূচকের মান (Weight of PI) | ভিত্তি বছর ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ (Target/Criteria Value for FY 2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ | প্রক্ষেপণ (Projection) ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| [১] ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ৩০ | [১.১] কৃষকের নিকট উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির তথ্য বিস্তার | [১.১.১] মুদ্রিত মুদ্রণ সামগ্রী (পোস্টার/বুকলেট/লিফলেট/ফোল্ডার) | সংখ্যা | ১৫ | ৩০০০ | ৫০০০ | ৫০০০ | ৪০০০ | ৩০০০ | ২০০০ | ১০০০ | ৫৫০০ | ৬০০০ |
| | | | [১.১.৭] প্রদর্শিত সিনেমা শো | সংখ্যা | ১৫ | ৭০ | ৬০ | ৬০ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | ৬৫ | ৭০ |
| [২] মিডিয়া ভিত্তিক প্রচার প্রকাশনায় সহায়তা বৃদ্ধিকরণ | ২০ | [২.১] মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে প্রচার ও প্রকাশনা | [২.১.১] মুদ্রিত মুদ্রণ সামগ্রী (পোস্টার/বুকলেট/পুস্তক) | সংখ্যা | ১০ | ৫০০ | ৪০০০ | ৪০০০ | ৩০০০ | ২০০০ | ১০০০ | ৫০০ | ৪৫০০ | ৫০০০ |
| | | [২.২] কোভিড-১৯ মহামারী মোকাবেলায় করণীয় | [২.২.২] মুদ্রিত মুদ্রণ সামগ্রী (পোস্টার/ স্টিকার/ফেস্টুন) | সংখ্যা | ১০ | - | ২০০০ | ২০০০ | ১৫০০ | ১০০০ | ৫০০ | ২৫০ | ২২০০ | ২৫০০ |
| [৩] কৃষি ভূসম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ | ২০ | [৩.১] জৈবসার/সবুজ সার/ জীবাণু সারের ব্যবহার জনপ্রিয়করণ | [৩.১.২] মুদ্রিত মুদ্রণ সামগ্রী (লিফলেট/ফোল্ডার) | সংখ্যা | ১০ | - | ৩০০০ | ৩০০০ | ২০০০ | ১০০০ | ৫০০ | ২৫০ | ৩৫০০ | ৪০০০ |
| | | [৩.৩] ভূ-উপরিস্থিত পানির ব্যবহার উৎসাহিতকরণ | [৩.৩.১] মুদ্রিত মুদ্রণ সামগ্রী (ফোল্ডার/লিফলেট) | সংখ্যা | ১০ | - | ৫০০০ | ৫০০০ | ৪০০০ | ৩০০০ | ২০০০ | ১০০০ | ৫৫০০ | ৬০০০ |

আমি, আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, বরিশাল, পরিচালক, কৃষি তথ্য সার্ভিস এর নিকট অঙ্গীকার করছি যে, এই সমঝোতা স্মারকে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, কৃষি তথ্য সার্ভিস এর পরিচালক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের সম্মানীত সচিব এর প্রতিনিধি হিসেবে আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, বরিশাল-এর নিকট অঙ্গীকার করছি যে, এই সমঝোতা স্মারকে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা করব।

স্বাক্ষরিত:



...................................

আঞ্চলিক কৃষি তথ্য অফিসার
কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়
বরিশাল

৩০.০৬.২০২১ খ্রি.
তারিখ



...........................

পরিচালক
কৃষি তথ্য সার্ভিস
খামারবাড়ি, ঢাকা-১২১৫

৩০.০৬.২০২১ খ্রি
তারিখ

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্র.নং | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১. | এআইএস | এগ্রিকালচার ইনফরমেশন সার্ভিস |
| ২. | এআইসিসি | এগ্রিকালচার ইনফরমেশন এন্ড কমিউনিকেশন সেন্টার |
| ৩. | বিটিভি | বাংলাদেশ টেলিভিশন |
| ৪. | ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| ৫. | ই-বুক | ইলেকট্রনিক বুক |

**সংযোজনী-১: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২**

**সংযোজনী-২: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২১-২২**

**সংযোজনী৩: সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও কর্মপরিকল্পনা-২০২১-২২**

**সংযোজনী-৪: অভিযোগ ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা-২০২১-২২**

**সংযোজনী-৫: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা-২০২১-২২**